444

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম 7

## শিক্ষা বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে

যে সকল বেসরকারী কলেজে শুধু উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষা প্রদান করা হয়, সেসব কলেজে সাধারণতঃ প্রত্যেক বিষয়ের মাত্র একজন শিক্ষক দ্বারা তত্ত্বীয় ক্লাসসমূহ পরিচালনা করা হয়। ফলে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক অনুপস্থিত থাকিলে বা অসুস্থতার কারণে পাঠদানে অপারগ হইলে উক্ত বিষয়ের ক্লাস হইতে ছাত্র-ছাত্রীরা বঞ্চিত হয়। এই সমস্যার সমাধানকল্পে কখনও কোন ভাল চিন্তা করা হইয়াছে কিনা জানি না। কিন্তু আমার বিবেচনায় সহজেই সমস্যাটির সমাধান হইতে পারে। কলেজসমূহে সংশ্লিষ্ট বিষয়সমূহের প্রদর্শক শিক্ষক রহিয়াছে। উক্ত প্রদর্শক শিক্ষকদের যাহাদের চাকুরীর মেয়াদ আট বছর পূর্ণ হইয়াছে এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম এম,এস-সি ডিগ্রী আছে তাহাদের প্রভাষক পদে পদোন্নতি প্রদান করিলে তাহারা স্বাভাবিকভাবেই তত্ত্বীয় ক্লাসসমূহ নিতে পারিবেন। কম্পিউটার প্রশিক্ষণ বা আরও উচ্চতর প্রশিক্ষণের মাধ্যমে উক্ত শিক্ষকবৃন্দের দক্ষতা বৃদ্ধি করা যাইতে পারে। উল্লেখ্য, সরকার ইতিমধ্যে যে সমস্ত প্রদর্শক শিক্ষকের চাকুরীর মেয়াদ আট বছর পূর্ণ হইয়াছে তাহাদের ২৮৫০/- টাকার বেতন স্কেল প্রদান করিয়াছেন। তাই ছাত্র-ছাত্রী ও হতাশাগ্রস্ত সংশ্লিষ্ট শিক্ষকদের কল্যাণের কথা বিবেচনা করিয়া শিক্ষা বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষ বিষয়টি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করিবেন বলিয়া প্রত্যাশা করি।

—এম, এ, মাবুদ, বি,নগর, পাবনা